



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

২০ ডিসেম্বর ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

”সহিংসতাই সহিংসতা বাড়ায়। শিশুদের সাথে সহিংস আচরণ কখনো ভালো ফল বয়ে নিয়ে আসে না।

শিশুদের জন্য প্রয়োজন ইতিবাচক শিক্ষাদান পদ্ধতি” - ব্লাস্ট আয়োজিত সভায় বক্তরা

”সহিংসতাই সহিংসতা বাড়ায়। শিশুদের সাথে সহিংস আচরণ কখনো ভালো ফল বয়ে নিয়ে আসে না। এজন্য প্রয়োজন উপর্যুক্ত শিক্ষাদান পদ্ধতি এবং শিশুদের প্রতি অভিভাবকদের শারীরিক শাস্তি বন্ধে ইতিবাচক দৃষ্টিভঙ্গি। শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি বন্ধে এবং এ বিষয়ে ভালো ফল পাবার জন্য আমাদের আরো কিছু করার আছে।” “শিশুদের শাস্তি বন্ধ : ৩ বর্তমান অবস্থা, সমস্যা এবং কর্মকৌশল নির্ধারণ শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে সুপীর কোর্টের আপীল বিভাগের মননীয় বিচারপতি মো. ইমান আলী উক্ত মন্তব্য করেন।

আজ ২১ ডিসেম্বর ২০১৬ বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), গণস্বাক্ষরতা অভিযান ও সেভ দ্য চিল্ড্রেন কর্তৃক আয়োজিত শারীরিক শাস্তি বন্ধে একটি আলোচনা সভার আয়োজন করা হয়।

জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বলেন, “শিশুদের শারীরিক শাস্তি বন্ধে সবাইকে সমন্বিতভাবে কাজ করতে হবে।”

সভায় বক্তব্য প্রদান করেন ইনসিটিউট অব ইনফরমেটিকস এন্ড ডেভেলপমেন্টের প্রধান নির্বাহী সাইদ আহমেদ সেভ দ্য চিল্ড্রেন এর মো ইকরামুল কবির, এডভোকেট আমিরুল হক, শিক্ষক নেতা কাজী ফারুক। ব্লাস্টের অনারারী নির্বাহী পরিচালক সারা হোসেন শিশুদের শারীরিক শাস্তি বন্ধে সরকারী ও বেসরকারী সমন্বিত উদ্যোগের উপর গুরুত্ব আরোপ করেন। সভায় সভাপতিত্ব করেন বিচারপতি মো. আওলাদ আলী এবং সঞ্চালনা করেন গণস্বাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে. চৌধুরী। ব্লাস্টের গবেষক সারাবান তাহুরা জামান তার উপস্থাপনায় শিশুর প্রতি শাস্তি প্রদান প্রতিরোধে সরকার, সুশীল সমাজ ও জাতীয় মানবাধিকার কমিশনের করনীয় সম্পর্কে সুপারিশমালা তুলে ধরেন।

ব্লাস্ট কর্তৃক শারীরিক শাস্তি সম্পর্কে শিক্ষার্থী, শিক্ষক এবং অভিভাবকদের মনোভাব ও দৃষ্টিভঙ্গি সম্পর্কিত তথ্য ও প্রচলিত আইনের বাস্তবায়নের পর্যায় সম্পর্কে একটি গবেষণা করা হয়। উক্ত গবেষণার তথ্য উপাত্ত ও সুপারিশ তুলে ধরা এবং এ বিষয়ে প্রতিবন্ধকতা চিহ্নিত করা ও পরবর্তী কৌশল নির্ধারণের উদ্দেশ্যে এ আলোচনার আয়োজন করা হয়।

উল্লেখ্য, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এবং আইন ও সালিশ কেন্দ্র (আসক) ২০১০ সালে শিক্ষা প্রতিষ্ঠানে শাস্তি নিষিদ্ধ করার আদেশ চেয়ে শিক্ষা মন্ত্রণালয় সহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে উচ্চ আদালতে একটি জনস্বার্থ মামলা দায়ের করে (রিট পিটিশন নং ৫৬৮৪/২০১০)। এর পরিপ্রেক্ষিতে উচ্চ আদালত ২০১১ সালে শিশুর প্রতি শারীরিক শাস্তি প্রদান অসাংবিধানিক মর্মে রায় ঘোষনা করে।

যোগাযোগে:

মাহবুবা আক্তার,

উপ- পরিচালক (যোগাযোগ ও এডভোকেসি), ব্লাস্ট

ফোন ০১৭৭৬০৬০১১৩

Email: mahbuba@blast.org.bd